

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫২৫

১৮/ মানত ও শপথ (ﷺ ১৮/ মানত ও শপথ)
পরিচ্ছেদঃ ১. গুনাহের কাজের উদ্দেশ্যে মানত করা বৈধ নয়

باب مَا جَاءَ عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم أَنْ لاَ نَذْرَ فِي مَعْصِيَةٍ

আরবী

حَدَّتَنَا أَبُو إِسْمَاعِيلَ التِّرْمِذِيُّ، _ وَاسْمُهُ مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ بْنِ يُوسُفَ حَدَّتَنَا أَيُوبُ بْنِ سُلَيْمَانَ بْنِ بِلاَلِ، عَنْ مُوسَى بْنِ عُقْبَةَ، وَمُحَمَّدِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي عَتِيق، عَنِ النَّهْرِيِّ، عَنْ سُلَيْمَانَ بْنِ بَلالٍ، عَنْ أَرْقَمَ، عَنْ يَحْيَى عُقْبَةَ، وَمُحَمَّدِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي عَتِيق، عَنِ النَّبِيِّ صَلَى الله عليه وسلم قَالَ " لاَ نَذْرَ بْنِ أَبِي كَثِيرٍ، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ عَائِشَةً، عَنِ النَّبِيِّ صَلَى الله عليه وسلم قَالَ " لاَ نَذْرَ فِي مَعْصِية اللَّهِ وَكَفَّارَتُهُ كَفَّارَةُ يَمِينٍ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ وَهُوَ أَصَبَّ مِنْ حَدِيثَ أَبِي صَفْوَانَ عَنْ يُونُسَ . وَأَبُو صَفْوَانَ هُو عَيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ وَهُوَ أَصَبَّ مِنْ عَبْدِ اللّهِ عَلِيهِ وَاسْمُهُ عَبْدُ اللّهِ بْنُ سَعِيدِ مِنْ عَبْدُ الْمَلِكُ بْنِ مَرْوَانَ وَقَدْ رَوَى عَنْهُ الْحُمَيْدِيُّ وَغَيْرُ وَاحِدِ مِنْ جَلَّةٍ أَهْلِ الْحَبْدِ فَي مَعْصِية اللّهِ وَكَفَّارَةُ يَمِينٍ . وَهُوَ قَوْلُ أَحْمَدُ وَإِسْحَاقَ وَاحْتَجَّا بِحَدِيثِ النَّهُرِيِّ وَعَيْرُهِمْ لاَ نَذْرَ فِي عَنْ عَائِشَة . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِي صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ لاَ نَذْرَ فِي مَعْصِية وَلا لَعْفَى قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ وَاحْتَجَّا بِحَدِيثِ النَّهُ فِي عَنْ عَائِشَة . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِي صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ لاَ نَذْرَ فِي مَعْصِية وَلاَ كَفَّارَة فِي ذَلِكَ . وَهُو قَوْلُ مَالِكٌ وَالشَّافِعِيّ .

বাংলা

১৫২৫। আইশা (রাঃ) হতে বর্ণিত আছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ্ তা'আলার নাফরমানী করার উদ্দেশ্যে মানত করা যাবে না এবং শপথ ভঙ্গের কাফফারার মতই তার কাফফারা।

পূর্বের হাদীসের সহায়তায় সহীহ

এ হাদীসটিকে আবৃ ঈসা গারীব বলেছেন। এটা ইউনুস হতে আবৃ সাফওয়ান কর্তৃক বর্ণিত হাদীসের চাইতে অনেক বেশি সহীহ। আবৃ সাফওয়ান মক্কার অধিবাসী। তার নাম আব্দুল্লাহ ইবনু সাঈদ ইবনু আব্দুল মালিক ইবনু মারওয়ান। তার নিকট হতে ভ্নাইদী এবং আরো একাধিক হাদীস বিশারদ হাদীস বর্ণনা করেছেন।



রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের একদল সাহাবী ও তৎপরবর্তী আলিমগণ বলেছেন, আল্লাহর অবাধ্যাচরণ সম্পর্কিত কোন কাজের উদ্দেশ্যে মানত করা যাবে না। কেউ ব্যক্তি এ ধরনের মানত করলে তবে শপথ ভঙ্গের কাফফারার অনুরূপ তার কাফফারা দিতে হবে। এই কথা বলেছেন আহমাদ ও ইসহাক।

আবৃ সালামার সূত্রে আইশা (রাঃ)-এর যে হাদীস যুহরী (রহঃ) বর্ণনা করেছেন, তারা দুজনেই সেটাকে দলীল হিসাবে গ্রহণ করেছেন। অপর একদল সাহাবী এবং অপরাপর আলিম বলেছেন, গুনাহের কাজ সম্পাদনের জন্য মানতও নেই এবং কাফফারাও নেই। এই মত ইমাম মালিক ও শাফিঈরও।

English

Narrated 'Aishah:

That the Prophet (ﷺ) said: "There is no vowing in disobedience to Allah, and its atonement is the atonement of an oath."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন